



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

19 March 2026

7:35 AM IST

=====

ৰাজ্যে বিধানসভা নিৰ্বাচনের পৰিপ্ৰেক্ষিতে বিভিন্ন ৰাজনৈতিক দলের প্ৰাৰ্থী বাছাই , প্ৰচাৰ সভা , মনোনয়ন পত্ৰ জমা কৰা সহ নিৰ্বাচনী তৎপৰতা অব্যাহত রয়েছে । শাসকদল বিজেপি আজ প্ৰাৰ্থী তালিকা প্ৰকাশ কৰবে বলে দলীয় সূত্ৰে জানানো হয়েছে । এদিকে কংগ্ৰেস দল এপৰ্যন্ত দুটি প্ৰাৰ্থী তালিকা প্ৰকাশ কৰেছে । অসম জাতীয় পৰিষদ দল ৮ টি আসনের জন্য প্ৰথম প্ৰাৰ্থী তালিকা প্ৰকাশ কৰেছে । এ আই ইউ ডি এফ দল এপৰ্যন্ত ২১ টি আসনের জন্য প্ৰাৰ্থীর নাম ঘোষণা কৰেছে । অনুরূপভাবে ইউ পি পি এল দল ৭ টি আসনের জন্য এবং সি পি আই এম এল দুটি আসনের জন্য , আম আদমী পাৰ্টি ১৪ টি আসনের জন্য এবং ৰাইজৰ দল ১১ টি আসনের জন্য প্ৰাৰ্থী তালিকা ঘোষণা কৰেছে । বি পি এফ দল আগামীকাল প্ৰাৰ্থী তালিকা প্ৰকাশ কৰবে বলে বিটিসি প্ৰধান হাথামা মহিলারী জানিয়েছেন ।

কাছাড় জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের নির্বাচন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তিনজন পর্যবেক্ষক শিলচর আর্বত ভবনে অবস্থান করছেন । ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক এন কে পাতিল উদারবন্দ ও ধলাই , শ্রীমতি এ, লক্ষী লক্ষীপুর, সোনাই ও বড়খলা এবং অংশুল মিশ্র শিলচর ও কাটিগড়া বিধানসভা আসনের দায়িত্বে রয়েছেন । পর্যবেক্ষকগন প্রতিদিন সকাল নটা থেকে সকাল দশটা পর্যন্ত শিলচর আর্বত ভবনে জনগনের অভিযোগ নিষ্পত্তির জন্য উপস্থিত থাকবেন । নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই ব্যবস্থা চালু থাকবে ।

নির্বাচন কমিশন ভারতীয় পুলিশ সেবার আধিকারীক চরণ সিং মিনাকে শ্রীভূমি জেলার পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে । শ্রী মিনা শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসন উত্তর করিমগঞ্জ , দক্ষিণ করিমগঞ্জ , পাথারকান্দি এবং রামকৃষ্ণনগর বিধানসভা আসনের নির্বাচনের যাবতীয় আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিষয়গুলি পর্যবেক্ষণ করবেন । নির্বাচন কমিশন রাজনৈতিক দল তথা মন্ত্রী এবং আধিকারীকদের জন্যও বিশেষ নীতি নির্দেশনা জারি করেছে । এই নির্দেশ অনুযায়ী মন্ত্রীদেরকে সরকারী কাজকর্মের সঙ্গে নির্বাচনী প্রচারকে একাকার না করতে তথা নির্বাচনী প্রচারের কাজে সরকারী যন্ত্র , ব্যক্তি বা পরিবহণ ব্যবহার না করার নির্দেশ দেয় । অনুরূপভাবে সরকারী আধিকারীকদের নির্বাচনী আদর্শ এবং নিরপেক্ষতা বজায় রাখতে তথা রাজনৈতিক দল সমূহকে সভা , র্যালি ইত্যাদির বিষয়ে পুলিশকে অগ্রীম অবগত করানো এবং নিষেধাজ্ঞা মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে ।

কাছাড় ও শ্রীভূমি জেলার আদর্শ আচরন বিধি সেলের পক্ষ থেকে জেলার সব প্রিন্টিং প্রেস ও প্রকাশকদের জন্য জরুরী নির্দেশিকা জারী করা হয়েছে । নির্দেশিকায় বলা হয়েছে যে জনপ্রতিনিধিত্ব আইন ১৯৫১-র ১২৭ ধারা অনুযায়ী নির্বাচনী প্যামফলেট , পোস্টার ও অন্যান্য প্রচার সামগ্রী মুদ্রনের ক্ষেত্রে কঠোর বিধি নিষেধ আরোপ করা হয়েছে । নির্দেশনা অনুসারে প্রতিটি নির্বাচনী প্রচার পত্রে সম্মুখভাগে মুদ্রক ও প্রকাশকের নাম ও পূর্ণ ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ্য করতে হবে । মুদ্রনের কাজ শেষ হওয়ার পর একটি কপি জেলা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠাতে হবে । নির্দেশ অমান্য করলে আইনী ব্যবস্থা গ্রহন করা হবে ।

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জেলায় ১১০জন মাইক্রো অবজারভার নিয়োগ করা হয়েছে । জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে মাইক্রো অবজারভারদের আজ সকাল সাড়ে ১১টায় জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । প্রশিক্ষনের সময় মাইক্রো অবজারভারদের দু কপি পাসপোর্ট সাইজের ফোট নিয়ে আসতে বলা হয়েছে ।

শ্রীভূমি জেলায় ঈদ-উল -ফিতর উৎসব শান্তিপূর্ণভাবে উদযাপন করতে গতকাল জেলা আয়ুক্তের কার্যালয়ের সম্মেলন কক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে জেলার ঈদগাহ কমিটির কর্মকর্তাদের সাথে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । সভায় পুলিশ বিভাগ থেকে জানানো হয় যে এবছর প্রতিটি ঈদগাহে বিশেষ করে সেটেলমেন্ট , শ্রীগৌরী , বদরপুর টাউন ঈদগাহ , দেউলিটিলা , আসিমগঞ্জ , বাঘের মোকাম সহ বিশাল জনসামাগম হওয়ার পরিপ্রেক্ষিতে ঈদগাহগুলিতে পর্যাপ্ত সংখ্যক পুলিশ বাহিনী

মোতায়েন করা হবে । সভায় উৎসবের সময় জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগকে দিনে তিনবার জল সরবরাহ করার আহ্বান জানানো হয়েছে । বিদুৎ বিভাগ থেকে নিরবিচ্ছিন্ন বিদুৎ সরবরাহ করার সিদ্ধান্ত হয়েছে । পাশাপাশি উৎসব উদযাপনে সবকটি ঈদগাহ ও মসজিদ কমিটিকে স্বেচ্ছাসেবক বাহিনী রাখার আহ্বান জানানো হয়েছে । সভায় সিনিয়র পুলিশ সুপার লীনা দোলে , অতিরিক্ত জেলা আয়ুক্ত মারিয়া তানিম , সহকারী আয়ুক্ত পূজা দাওলাগপু প্রমুখ উপস্থিত ছিলেন । যেকোন পরিস্থিতিতে পুলিশ কন্ট্রল রুম নম্বর ৮০৯৯৬৬২২৭৫ নম্বরে এ যোগাযোগ করতে আহ্বান জানানো হয়েছে ।

৪৫ তম নরেশ চন্দ্র পাল স্মৃতি সর্বভারতীয় বাংলা একাঙ্ক নাটক প্রতিযোগীতা আগামী ২১ শে মার্চ থেকে ২৯ শে মার্চ পর্যন্ত শিলচর বঙ্গভবনে অনুষ্ঠিত হবে । প্রতিযোগীতার বিচারক হিসেবে উপস্থিত থাকবেন শিলচর থেকে অধ্যাপক বিশ্বতোষ চৌধুরী , কোলকাতা থেকে জয়শ্রী ভট্টাচার্য এবং আগরতলা থেকে সুভাষ দাস । নয়দিনব্যাপী এই নাট্যোৎসবের অংশ হিসেবে আজ বিকেল চারটায় নরসিংটোলা ময়দান থেকে সাংস্কৃতিক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । সব সংস্থার সদস্যদের নিজ নিজ ব্যানার সহ শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হয়েছে ।

.....